

# Khatra Adibasi Mahavidyalaya

## B.A. Bengali(Hons). Semester: I

### অলংকার

উৎকর্ষাত্মক ব্যতিরেক অলংকার  
ও  
অপকর্ষাত্মক ব্যতিরেক অলংকার

30<sup>th</sup> january, 2020

- 
- ◉ ব্যতিরেক অলংকার একটি অর্থালংকার।
  - ◉ উপমান অপেক্ষা উপমেয়কে উৎকৃষ্ট বা অপকৃষ্ট করে দেখানো হয়।
  - ◉ ব্যতিরেক অলংকারে উপমেয়-উপমানের ভেদ মেনে নিয়ে তারতম্য দেখাতে হয়।
  - ◉ উপমেয়র উৎকর্ষ বা অপকর্ষ বিচার নির্ভর করে উদ্ধৃত কাব্যাংশের অর্থের উপর।

- 
- ◉ ব্যতিরেক অলংকারে উপমান অপেক্ষা উপমেয়কে উৎকৃষ্ট কিম্বা অপকৃষ্ট করে দেখানো হয় ।
  - ◉ উপমান অপেক্ষা উপমেয়কে উৎকৃষ্ট করে দেখানো হলে , উৎকর্ষাত্মক ব্যতিরেক অলংকার হয় ।
  - ◉ উপমান অপেক্ষা উপমেয়কে অপকৃষ্ট করে দেখানো হলে , অপকর্ষাত্মক ব্যতিরেক অলংকার হয় ।

◉ ‘তরল তব সজল দিঠি মেঘের চেয়ে কালো’

---

◉ উপমেয় = সজল দিঠি

◉ উপমান = মেঘ

◉ এখানে উপমান অপেক্ষা উপমেয়র উৎকর্ষ সূচিত হয়েছে।

◉ কারণ, উপমেয় (সজল দৃষ্টি) উপমান (মেঘ) অপেক্ষা কালো অর্থাৎ উৎকৃষ্ট।

◉ সুতরাং, উদধৃত কাব্যংশটি উৎকর্ষাত্মক ব্যতিরেক অলংকারের উদাহরণ।

---

● ‘সপ্তপুরুষ যেথায় মানুষ সে মাটি সোনার বাড়া’

● উপমেয় = মাটি

● উপমান = সোনা

● এখানে উপমান (সোনা) অপেক্ষা উপমেয়র (মাটি) উৎকর্ষ সূচিত হয়েছে।

● এটি উৎকর্ষাত্মক ব্যতিরেক অলংকারের উদাহরণ।

---

◉ ‘খুনিকেও তুমি মানিয়েছ হার’

◉ উপমেয় = তুমি

◉ উপমান = খুনি

◉ এখানে উপমান (খুনি) অপেক্ষা উপমেয় (তুমি)-র অপকর্ষ সূচিত হয়েছে।

◉ এটি অপকর্ষাত্মক ব্যতিরেক অলংকারের উদাহরণ।